যৌন শোষণ,নির্যাতন ও যৌন হয়রানির (এসইএএইচ) মূল কারণসমূহ

এসইএএইচ এর ``মূল কারণ" এবং বিপদাপন্নতা ও ঝুঁকির বিষয়সমূহের মধ্যে পার্থক্য রয়েছে।

বিপদাপন্নতা ও ঝুঁকির বিষয়সমূহ বলতে কোনো ব্যক্তির পারিপার্শ্বিক অবস্থার সেই নির্দিষ্ট বিষয়গুলোকে বুঝায় যেগুলো তার জন্য এসইএএইচ এর সম্মুখীন হওয়ার ঝুঁকি বৃদ্ধি করে । উদাহরণস্বরূপ , নিরাপদ ব্যক্তিগত আবাসনের অভাব নারীদের জন্য এসইএএইচ-এর ঝুঁকি বৃদ্ধি করতে পারে, কারণ অপরাধ সংঘটনকারীদের পক্ষে এই স্থানগুলোতে প্রবেশ করা সহজ হয়।

অন্য দিকে, **মূল কারণসমূহ** বলতে সেই বিষয়গুলোকে বুঝায় যা ক্ষমতার ভারসাম্যহীনতা সৃষ্টি করে যার ফলে অপরাধ সংঘটনকারীরা দায়মুক্তভাবে এসইএএইচ (যৌন শোষণ, নির্যাতন ও যৌন হয়রানি) সংঘটিত করতে পারে । উদাহরণস্বরূপ, মৌলিক চাহিদা পূরণের জন্য ত্রাণ বিতরণের উপর নির্ভরশীল ব্যক্তিগণ এসইএএইচ (যৌন শোষণ, নির্যাতন ও যৌন হয়রানি)-এর উচ্চ ঝুঁকিতে থাকতে পারে। যে কারণগুলো এই ধরনের ক্ষমতার ভারসাম্যহীনতা তৈরীতে ভূমিকা রাখে সেগুলো প্রধানত দুই ধরনের:

১. **গভীরে নিহিত, অসম এবং ক্ষতিকর সাংস্কৃতিক এবং সামাজিক প্রথাসমূহ,** যা ব্যক্তি বা গোষ্ঠীর ক্ষতি সাধন করতে অথবা তাদেরকে সমাজ এবং ক্ষমতা বলয়ের বাইরে রাখতে ব্যবহৃত হয়। এই প্রথাগুলো প্রায়শই ব্যক্তির পরিচয় বা বৈশিষ্ট্যের (যেমন-লিঙ্গ, জেন্ডার ও জেন্ডার পরিচয়, যৌন অভিমুখিতা, প্রতিবন্ধিতা, জাতিগত বা ধর্মীয় পরিচয়) ভিত্তিতে বৈষম্য তৈরি করতে পারে ।

২. **সম্পদের অসম বণ্টন।** ক্ষমতায় থাকা ব্যক্তিরা সম্পদের বণ্টন নিয়ন্ত্রণ করে। কোনো ব্যক্তি ক্ষমতার অপব্যবহারের মাধ্যমে গুরুত্বপূর্ণ সম্পদ আটকে রেখে নারী ও কন্যাশিশুদের কাছ থেকে "যৌন আনুকূল্য" দাবি করতে পারে। শুধুমাত্র এগুলোতে সীমাবদ্ধ না থাকলেও এই সম্পদগুলোর মধ্যে রয়েছে খাদ্য, আশ্রয়, অর্থ এবং সিদ্ধান্ত গ্রহণ।

ক্ষমতা এবং বিশেষ সুবিধা

- জেন্ডার এবং সামাজিক প্রথাসমূহ
- সামাজিক স্তরবিন্যাস যা বিযুক্তি এবং বিপদাপন্নতা তৈরি করে
- শ্রেণী, জাতি, বর্ণ, নারী বিদ্বেষ এবং পিতৃতন্ত্র-কেন্দ্রিক বিশ্বাস।



যৌন শোষণ,নির্যাতন এবং যৌন হয়রানির (এসইএএইচ) ঝুঁকি এবং মূল কারণসমূহ: ব্যক্তি, কমিউনিটি, প্রতিষ্ঠান এবং কাঠামোগত



ব্যক্তি বৃহত্তর পরিবেশ এবং সমাজের মধ্যে বাস করে। এসইএএইচ-এর ঝুঁকি বৃদ্ধির কারণগুলো কাঠামোগত, কমিউনিটি , প্রতিষ্ঠান এবং ব্যক্তি প্রতিটি স্তরে বিরাজ করে এবং প্রায়শই সামাজিক প্রথার মাধ্যমে শক্ত ভিত্তি তৈরি করে।

পারিপার্শ্বিক পরিবেশে একজন ব্যক্তির পরিচয় এবং সামাজিক প্রথার মধ্যে পারস্পরিক সম্পর্ক ক্ষমতার বন্টন এবং ক্ষমতা প্রাপ্তির ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ হতে পারে ।

সব ধরনের এসইএএইচ (যৌন শোষণ, নির্যাতন ও যৌন হয়রানি)- এর মূলে রয়েছে ক্ষমতা এবং বিশেষ সুবিধা সম্পর্কিত সমস্যাগুলো। নিজেদের প্রেক্ষাপটে কম ক্ষমতা এবং কম সুবিধাপ্রাপ্ত গোষ্ঠীসমূহ এসইএএইচ-এর ক্ষেত্রে সবচেয়ে বিপদাপন্ন এবং ঝুঁকিপ্রবণ বলে চিহ্নিত। লিঙ্গ, জেন্ডার, জেন্ডার পরিচয়, জাতি, শ্রেণী, যৌন অভিমুখিতা এবং জাতিগোষ্ঠীর ভিত্তিতে মানুষকে বিযুক্তকারী সামাজিক এবং প্রাতিষ্ঠানিক প্রথাসমূহ দায়মুক্তির সংস্কৃতি তৈরিতে ভূমিকা রাখে এবং এই রকম প্রেক্ষাপটে যৌন শোষণ, নির্যাতন ও যৌন হয়রানির মতো আচরণ খুব সাধারণ। **ত্রাণ সেক্টরের মধ্যে ক্ষমতার অসমতা রয়েছে যা কমিউনিটির সদস্য এবং সহায়তা কর্মীদের ঝুঁকিগ্রস্ত করে। ত্রাণ সেক্টরের এসইএএইচ মোকাবেলা করার জন্য আমাদের অবশ্যই এই মূল কারণগুলো চিহ্নিত করতে হবে ও প্রতিহত করতে হবে এবং নতুন প্রথা প্রতিষ্ঠার জন্য একসাথে কাজ করতে হবে।**

এই বিষয়ে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে আমাদের মূল কারণ সম্পর্কিত সাক্ষ্য-প্রমাণের সারসংক্ষেপ এবং ক্ষমতার অপব্যবহার বিষয়ক আমাদের রিসোর্স দেখুন।